

পরিদর্শনার্থী নির্দেশাবলী

প্রতি বছর দেশি-বিদেশি কলেজ, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান হতে অনেক ছাত্রছাত্রী/গবেষক/দর্শনার্থীগণ তাদের গবেষণা কাজের জন্য বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম পরিদর্শন করে থাকেন। পরিদর্শনার্থীদের কাজিক্ত সেবা প্রদানে ন্যাশনাল হারবেরিয়াম কর্তৃপক্ষ সর্বদা আন্তরিক। হারবেরিয়াম পরিদর্শনের ক্ষেত্রে পরিদর্শনার্থীদের নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

১. হারবেরিয়াম পরিদর্শনের জন্য কারণ উল্লেখপূর্বক পরিচালক বরাবর নিম্নে প্রদত্ত ঠিকানায় লিখিত আবেদন অথবা টেলিফোনে যোগাযোগ করতে হবে। আবেদন পত্রে গবেষক/দর্শনার্থীর নাম, প্রতিষ্ঠানের ঠিকানা, তারিখ, পরিদর্শনের উদ্দেশ্য, ই-মেইল (যদি থাকে), টেলিফোন/মোবাইল নাম্বার ইত্যাদি উল্লেখ করতে হবে।
২. গবেষক/দর্শনার্থীগণকে হারবেরিয়ামে সংরক্ষিত নমুনা ও তথ্য ব্যবহারের ক্ষেত্রে হারবেরিয়ামের কিউরেটর/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহযোগিতা নিতে হবে। হারবেরিয়ামের মাইক্রোস্কোপ অথবা অন্য কোন যন্ত্রপাতি ব্যবহারের প্রয়োজন হলে কিউরেটর/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুমতি সাপেক্ষে যত্ন সহকারে ব্যবহার করতে হবে।
৩. বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের কাপবোর্ডে সংরক্ষিত উদ্ভিদ পরিবারগুলো Cronquist (1981) এর শ্রেণীবিন্যাস অনুযায়ী সাজানো আছে। আবার প্রতিটি পরিবারের অধীন গণ এবং প্রজাতিগুলো বর্ণানুক্রমিকভাবে সাজানো আছে। গবেষকগণকে সীট পর্যবেক্ষণ শেষে পুনরায় উদ্ভিদ নমুনাগুলো যথাস্থানে বর্ণানুক্রমিকভাবে সাজিয়ে রাখার জন্য অনুরোধ করা হয়।
৪. হারবেরিয়ামে সংরক্ষিত তথ্যসহ উদ্ভিদ নমুনা এক অমূল্য সম্পদ। এদের বৈজ্ঞানিক এবং ঐতিহাসিক গুরুত্ব অপরিসীম। তাই এগুলো অতিযত্ন সহকারে ব্যবহার করতে হবে। হারবেরিয়াম নমুনা স্থানান্তরের সময় সীটের মাঝ বরাবর দুই হাত দিয়ে সতর্কতার সাথে ধরতে হবে এবং ট্রলি ব্যবহার করতে হবে। কোন অবস্থাতেই সীটের এক প্রান্ত ধরা যাবে না এতে নমুনা নষ্ট হয়ে যেতে পারে।
৫. হারবেরিয়াম সীটের উপর বিভিন্ন তথ্যাবলী সম্বলিত যে লেবেল লাগানো থাকে তা কোন অবস্থাতেই সংশোধন/পরিবর্তন/সরানো যাবে না। হারবেরিয়ামে শুষ্কাবস্থায় উদ্ভিদ নমুনা সংরক্ষণ করা হয় বিধায় এখানে ধূমপান করা সম্পূর্ণ নিষেধ।
৬. হারবেরিয়াম সীটে লিপিবদ্ধ কোন উদ্ভিদ প্রজাতির নামের ভুল সংশোধন অথবা অসনাক্তকৃত উদ্ভিদের নাম লিখতে চাইলে গবেষক/দর্শনার্থীগণ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে হারবেরিয়াম সীটে পেন্সিল দিয়ে উদ্ভিদ প্রজাতিটির সঠিক নাম লিখে তার নিচে নিজের স্বাক্ষর ও তারিখ লিপিবদ্ধ করতে পারবেন।
৭. হারবেরিয়াম নমুনা পর্যবেক্ষণের সময় সীটের উপর কোন ধরণের ভারী বস্তু রাখা বা চাপ প্রয়োগ করা বা উল্টানো যাবে না। গবেষণার জন্য কোন উদ্ভিদ প্রজাতির কোন উপাদান/অংশের ব্যবচ্ছেদ করার প্রয়োজন হলে কিউরেটরের অনুমতি সাপেক্ষে তাহা করা যাবে। তবে ব্যবচ্ছেদকৃত সকল অংশ অবশ্যই হারবেরিয়াম সীটে সংযুক্ত কাগজের ক্যাপসুলে সংরক্ষণ করতে হবে। হারবেরিয়াম নমুনার ডিএনএ আহরণ সম্পূর্ণ নিষিদ্ধ।

৮. ছত্রাক ও পোকামাকড়ের আক্রমণ হতে হারবেরিয়াম সীট সংরক্ষণের জন্য বিষাক্ত রাসায়নিক পদার্থ ব্যবহার করা হয়ে থাকে যা মানবদেহে ক্ষতিকর প্রভাব সৃষ্টি করতে পারে। তাই হারবেরিয়াম সীট ব্যবহার করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে।
৯. গবেষক/দর্শনার্থীগণ কোন হারবেরিয়াম নমুনার আলোক চিত্র বা ছায়া চিত্র সংগ্রহ করতে চাইলে কিউরেটর/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুমতি সাপেক্ষে তাহা করতে পারবেন এবং উহা ব্যবহার করে কোন প্রকাশনা বের করলে হারবেরিয়ামকে যথাযথ ভাবে কৃতজ্ঞতা জ্ঞাপন করতে হবে।
১০. গবেষণার কাজের জন্য কোন হারবেরিয়াম নমুনা ধার নেওয়ার প্রয়োজন হলে ন্যাশনাল হারবেরিয়ামের ওয়েব সাইটে বিবৃত উদ্ভিদ নমুনা ধার দেওয়া সংক্রান্ত নীতিমালা অনুযায়ী তাহা নেওয়া যাবে।
১১. কোন গবেষক তার নিজের উদ্ভিদ নমুনাগুলো ন্যাশনাল হারবেরিয়ামে সংরক্ষিত উদ্ভিদ নমুনার সাথে মিলিয়ে সনাক্ত করতে চাইলে উক্ত নমুনাগুলো ন্যাশনাল হারবেরিয়ামের ফ্রিজিং যন্ত্রে -২০°C তাপমাত্রায় কমপক্ষে ৭২ ঘন্টা রেখে জীবগুমুক্ত করার পর হারবেরিয়াম রুমে প্রবেশ করানোর অনুমতি পাবেন।
১২. হারবেরিয়ামের লাইব্রেরি, গবেষণাগার, ইন্টারনেট, ফোন, ফ্যাক্স ইত্যাদি সুবিধাদি ব্যবহারের ক্ষেত্রে গবেষক/দর্শনার্থীগণ- কে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।
১৩. সাপ্তাহিক ছুটির দিন এবং সরকারি ছুটির দিন ব্যতীত অন্য যেকোন দিন সকাল ৯.০০ থেকে বিকাল ৫.০০ পর্যন্ত হারবেরিয়াম পরিদর্শন করা যাবে। তবে পরিচালকের অনুমতি সাপেক্ষে ছুটির দিনে এবং অফিস ছুটির পরেও হারবেরিয়ামে কাজ করা যাবে।

নিম্নবর্তি ঠিকানায় আবেদনপত্র ডাকযোগে/ ই- মেইল/ ফ্যাক্স/ সরাসরি পাঠানো যাবে :

পরিচালক

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

চিড়িয়াখানা রোড, মিরপুর- ১, ঢাকা- ১২১৬

বাংলাদেশ।

ই- মেইলঃ bnh_mirpur@yahoo.com

ফোনঃ ৯০০০৬৭৬

ফ্যাক্সঃ ৯০৩৮৪৭৭